রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ২৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১০, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৯৫—৪০১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৪৯—৮৮৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩০৩—১৩৪১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ৩১-০৩-২০১৪ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | ১—১৫ |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ০৫ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৫৬/২০১৩-১৭৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব ঝর্ণা রানী দাস, পিতা নারায়ন চন্দ্র দাস, মাতা কমলা রানী দাস, গ্রাম খুমুরিয়া, ডাকঘর ও উপজেলা পিরোজপুর, জেলা পিরোজপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পিরোজপুরা জেলার সদর উপজেলা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৫৬/২০১৩-১৭৫**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব জ্যোতির্ময়, পিতা হিরন্ময় চক্রবর্তী, মাতা দুলালী চক্রবর্তী, গ্রাম কেশরতা, ডাকঘর নিলতী, উপজেলা কাউখালী, জেলা পিরোজপুর) এই

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পিরোজপুর জেলার কাউখালী উপজেলার ২নং পূর্ব আমড়াজুড়ি, ৪নং চিড়াপাড়া পারসাটুরিয়া ও ৫নং শিয়ালকাঠী এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৯ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৪৫/২০১৩-১৮০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব বিপ্লব কুমার গোস্বামী, পিতা বীরেন্দ্রনাথ গোস্বামী, মাতা মৃত রীতা রানী গোস্বামী, গ্রাম চব্বিশ হাজারী, ডাকঘর বুড়ীর হাট, থানা কোতয়ালী, জেলা রংপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রংপুর সিটি কর্পোরেশনের ৩২ ও ৩৩ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১০ মার্চ ২০১৪

**নং বিচার-৭/২এন-৯৪/২০১৩-১৮৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব কাকলী ভট্টাচার্য্য, পিতা মৃত সনজিত কুমার রায়, মাতা অনু রায়, গ্রাম মেহেরপুর, ডাকঘর মেহেরপুর, উপজেলা মেহেরপুর, জেলা মেহেরপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মেহেরপুর জেলার মেহেরপুর সদর পৌরসভা এলাকার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

## পরিকল্পনা মন্ত্রণালয়
## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
## প্রশাসন-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ মার্চ ২০১৪

**নং ৫২.০০৫.০৩৩.০০.০০.২৫৯.১৯৯৯-১২৩**—যেহেতু, বিসিএস (পসিংখ্যান) ক্যাডারের সদস্য ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর যুগ্ম-পরিচালক (সাময়িকবরখাস্ত) জনাব আলাউদ্দিন আল-আজাদ এর বিরুদ্ধে অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত থাকাকালীন উক্ত প্রকল্পের আর্থিক লেনদেনের ক্ষেত্রে আর্থিক শৃঙ্খলা ভঙ্গ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বিভিন্ন তারিখে মোট ১২,৭৩,৬৩,১৭৯, (বার কোটি তিহাত্তর লক্ষ তেষট্টি হাজার একশত ঊনাশি) টাকা উত্তোলনের অভিযোগ উত্থাপিত হয়। তা'ছাড়া ০২-০৪-২০১৩ তারিখে ৪৯,২৭,৫৪০ (ঊনপঞ্চাশ লক্ষ সাতাশ হাজার পাঁচশত চল্লিশ) টাকা উত্তোলনের জন্য একটি চেক ইস্যু করা হয়। ব্যাংক হতে এত বিপুল পরিমাণ অর্থ উত্তোলন সত্ত্বেও অর্থের অভাবে চলমান অর্থনৈতিক শুমারি ২০১৩ এর গুরুত্বপূর্ণ কাজের প্রচার কার্যক্রম ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে এরূপ কর্মকাণ্ড ও উক্ত রূপ লেনদেন, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) এবং ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও গুরুতর আর্থিক অনিয়মের কারণে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয় ; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ০৭ এপ্রিল ২০১৩ তারিখের ৫২.০০৫.০৩৩.০০.০০.৩৫৯.১৯৯৯-১৭০ নং স্মারকে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল বিধিমালা), ১৯৮৫ এর ১১ বিধি অনুসারে সাময়িকভাবে বরখাস্ত করা হয় ;

যেহেতু, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১৯ মে ২০১৩ তারিখের ৫২.০০৫.০৩৩.০০.০০.২৫৯.১৯৯৯-২২৮ নং স্মারকে তাঁর বিরুদ্ধে অভিযোগনামা এবং অভিযোগ বিবরণী জারী করা হয়। তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এবং ৩(ডি) বিধি অনুযায়ী 'দুর্নীতি' এর অভিযোগ আনয়ন করা হয় এবং একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী কেন তাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না, তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানো এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানানোর জন্য নির্দেশ দেয়া হয় ;

যেহেতু, জনাব আলাউদ্দিন আল-আজাদ, যুগ্ম-পরিচালক (সাময়িক বরখাস্ত) ১৬-০৬-২০১৩ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে লিখিত জবাব প্রদান করেন এবং ০৩-৭-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ;

যেহেতু, জনাব আলাউদ্দিন আল-আজাদ-এর লিখিত ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ বিবেচনায় উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করতঃ প্রতিবেদন দেয়ার জন্য ৭ জুলাই ২০১৩ তারিখের ৫২.০০৫. ০৩৩.০০.০০. ২৫৯.১৯৯৯-৩১৯ নং স্মারকে জনাব মোঃ তসলীমুল ইসলাম, উপসচিব-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১০ সেপ্টেম্বর ২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন ; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদনে তাঁর অসদাচরণের (Misconduct) অভিযোগ সুস্পষ্টরূপে প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ তাঁকে গুরুদন্ড 'নিম্নপদে অবনমিতকরণ' প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে এবং ০২-১০-২০১৩ তারিখের ৫২.০০৫.০৩৩.০০.০০.২৫৯.১৯৯৯-৪৪০ নং স্মারকমূলে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেন। তাঁর ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক ও গ্রহণযোগ্য না হওয়ায় তাঁকে গুরুদণ্ড 'নিম্নপদে অবনমিতকরণ' (Reduction to a lower post) আদেশ বহাল রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয় ;

যেহেতু, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ০৪ নভেম্বর ২০১৩ তারিখের ৫২.০০৫.০৩৩.০০.০০.২৫৯.১৯৯৯-৪৮৮ নং স্মারকমূলে সরকারী কর্ম কমিশনের মতামত কামনা করা হয়। সরকারি কর্ম কমিশনের গত ১৯-১২-২০১৩ তারিখের ৮০.১০৮.০৩৪.০৬.৫২.০৫৩.২০১৩-২৬৫ নং স্মারকমূলে জনাব আলাউদ্দিন আল-আজাদ, যুগ্ম-পরিচালক (সাময়িক বরখাস্ত)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(এ) বিধিমতে 'নিম্নপদে অবনমিতকরণ' (Reduction to a lower post) করার প্রস্তাবের সাথে একমত পোষণ করে ;

যেহেতু, ১৯৯৬ সালের কার্যবিধিমালার দ্বিতীয় অধ্যায়ের বিধি-৭ এবং সিডিউল-৪ এর ক্রমিক নং-১৭ অনুযায়ী বিসিএস পরিসংখ্যান ক্যাডারের কর্মকর্তা জনাব আলাউদ্দিন আল-আজাদ, যুগ্ম-পরিচালক (সাময়িক বরখাস্ত)-কে 'নিম্নপদে অবনমিতকরণ' (Reduction to a lower post) গুরুদন্ড আরোপ করার নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন গ্রহণ করা হয়েছে ;

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামতের ভিত্তিতে এবং মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন গ্রহণের প্রেক্ষিতে বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারের যুগ্ম-পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০১৩ প্রকল্পের তৎকালীন কর্মরত প্রকল্প পরিচালক, জনাব আলাউদ্দিন আল-আজাদ (সাময়িক বরখাস্ত)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(এ) বিধি মোতাবেক তাঁকে তাঁর বর্তমান পদের (যুগ্ম-পরিচালক) একধাপ নিম্নতর পদ অর্থাৎ উপ-পরিচালক পদে ৫ (পাঁচ) বছরের জন্য পদাবনমিত (Reduction to a lower post) করার গুরুদন্ড আরোপ করা হলো। দন্ডের মেয়াদকালে তিনি উপ-পরিচালক পদে ১৮৫০০-৮০০×১৪-২৯৭০০ টাকা বেতন স্কেলের প্রারম্ভিক ধাপে অবস্থান করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

---

## বাণিজ্য মন্ত্রণালয়
## প্রশাসন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২৯ ফাল্গুন ১৪২০/১৩ মার্চ ২০১৪

**নং ২৬.০০.০০০০.০৮৬.১২.০০০১.১৪-২৪৩**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-০১-২০১৪ তারিখের স্মারক নং ০৫.১২৩.০৩৫.০০.০০.০০৫.২০০৮(অংশ-১)/১৫ মোতাবেক বাণিজ্য মন্ত্রণালয়ের হিসাবরক্ষক জনাব একরামুল হক এর পরিবর্তিত পদনাম, পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল এবং পদমর্যাদা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো ঃ

| নাম | বর্তমান পদনাম | পরিবর্তিত পদনাম | বর্তমান বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯) | পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯) | পদমর্যাদা |
|---|---|---|---|---|---|
| জনাব একরামুল হক | হিসাবরক্ষক | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৬৪০০—১৪২৫৫ | ৮০০০—১৬৫৪০ (১০ম গ্রেড) | দ্বিতীয় শ্রেণী |

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

**মোর্শেদা আক্তার**
সিনিয়র সহকারী সচিব।

---

## প্রশাসন-৫
### প্রজ্ঞাপন

তারিখ, ১১ মার্চ ২০১৪

**নং ২৬.০০.০০০০.০৯০.০৬.০৭৪.১১-৩৯(৪)**—ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর প্রয়োজনীয় সংশোধনী সুপারিশ করিয়া প্রাথমিক খসড়া প্রণয়নের লক্ষ্যে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদের সদস্যদের মধ্যে হইতে শর্ত সাপেক্ষে ছয় সদস্য-বিশিষ্ট নিম্নরূপ একটি উপ-পরিষদ গঠন করা হইলো ঃ

**আহ্বায়ক**

(১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও সচিব, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ।

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোঃ আঃ মালেক মিয়া, সদস্য জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ।

(৩) জনাব ছায়েদ আহম্মদ, যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ ও সদস্য, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ।

(৪) অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান, নির্বাহী পরিচালক, সিপিডি।

(৫) ব্যারিস্টার নিহাদ কবির, সদস্য, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ।

(৬) কাজী ফারুক, সভাপতি, ক্যাব ও সদস্য, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ।

শর্ত ঃ

ক। উপ-পরিষদ ৩ (তিন) মাসের মধ্যে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর প্রয়োজনীয় সংশোধনী সুপারিশ করিয়া একটি খসড়া প্রণয়ন করিবে। খসড়াটি উপ-পরিষদের আহ্বায়ক পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিবে।

খ। উপ-পরিষদের প্রত্যেক সদস্য প্রতি সভায় যোগদানের জন্য পরিষদ সদস্যদের অনুরূপ টাকা ২,০০০ (দুই হাজার টাকা) মাত্র পরিষদ তহবিলের সংশ্লিষ্ট খাত হইতে সম্মানি প্রাপ্য হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম রহমান মিঞা**
যুগ্মসচিব।

---

**রপ্তানী-৩ শাখা**

**আদেশ**

তারিখ, ০২ মার্চ ২০১৪

**নং ২৬.০০.০০০০.১০২.০১৫.০১.১৩.১১০**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং ০৭.১৫৫.০১৫.২৬.০০.০০৩.২০১২-৩৬৬ তারিখ ১২-০৬-২০১৩ এবং ০৭.০০.০০০০.১৬৫.১৯.০১২.১২-৭৮ তারিখ ০৫-০৮-২০১৩ এর প্রেক্ষিতে দক্ষিণ কোরিয়ার সিউলস্থ বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক মিশনে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত বিসিএস ক্যাডারের একটি 'কমার্শিয়াল কাউন্সেলর'পদ সৃজনে নির্দেশক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম |
|---|---|---|---|
| (১) | কমার্শিয়াল কাউন্সেলর | ১টি | টাঃ ২২,২৫০-৩১,২৫০ (৫ নং গ্রেড) |

২। উক্ত পদটি সৃজনে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন রয়েছে (কপি সংযুক্ত)।

৩। এ সংক্রান্ত ব্যয় সিউলস্থ বাংলাদেশ মিশনের বাণিজ্যিক শাখার ২০১৪-২০১৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট থেকে মিটানো হবে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**মুহাম্মদ আনিসুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ মার্চ ২০১৪/২৭ ফাল্গুন ১৪২০

**নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৩.২০১২-৪২৪**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য স্থাপনাসমূহের জন্য চিকিৎসা যন্ত্রপাতি, ঔষধপত্র ও অন্যান্য সামগ্রী ক্রয়ের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা) জনাব মোঃ আইয়ুবুর রহমান খানকে আহ্বায়ক করে এক সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হল।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে বরাদ্দের পরিমান ও যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি ক্রয়ের তালিকা প্রণয়ন;

(২) প্রান্তিক ব্যবহারকারীর (End User) চাহিদার ভিত্তিতে চিকিৎসা সামগ্রী ক্রয় করা হয়েছে কি না সে সংক্রান্ত প্রতিষ্ঠান ভিত্তিক তালিকা;

(৩) প্রান্তিক ব্যবহারকারীর চাহিদার ভিত্তিতে ঔষধ পত্র অন্যান্য সামগ্রী ক্রয় করা হয়েছে কিনা সে সংক্রান্ত প্রতিষ্ঠানভিত্তিক তালিকা;

(৪) প্রান্তিক ব্যবহারকারীর চাহিদা ব্যতীত চিকিৎসা যন্ত্রপাতি, ঔষধ পত্র ও অন্যান্য যন্ত্রপাতি ক্রয় করা হয়ে থাকলে তা কিভাবে ক্রয় করা হয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন;

(৫) যে সমস্ত যন্ত্রপাতি এখনও স্থাপন করা হয়নি/বাক্স বন্দী অবস্থায় পড়ে আছে সেগুলোর যথাযথ ব্যবহারের ব্যাপারে সুপারিশ প্রণয়ন এবং অব্যবহৃত থাকার কারণ ও দায়িত্ব নির্ধারণ (ব্যবহারকারী প্রতিষ্ঠান, সরবরাহকারী ও ক্রয় প্রক্রিয়া সম্পন্নকারী প্রতিষ্ঠান)।

(৬) বিভিন্ন হাসপাতালে প্রয়োজনের তুলনায় অতিরিক্ত সরবরাহকৃত অব্যবহৃত যন্ত্রপাতির তালিকা প্রণয়ন;

(৭) যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে বরাদ্দ প্রদান, বরাদ্দের পদ্ধতি এবং ব্যবহারকারী প্রতিষ্ঠানের চাহিদাসহ মেরামত প্রক্রিয়া সংক্রান্ত প্রতিবেদন।

২। কমিটি আগামী ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে অন্তর্বর্তীকালীন সুপারিশ এবং ৬০ (ষাট) কর্ম দিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হাফিজুর রহমান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ০৯ মার্চ ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১০-১৯৫**—যেহেতু, ডাঃ সেলিনা আফরোজ আনসারী (১১৩৪৯৩), জুনিয়র কনসালটেন্ট (গাইনী) (চঃ দাঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেলান্দহ, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধিমতে 'অদক্ষতা' 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মমলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ সেলিনা আফরোজ আনসারী (১১৩৪৯৩), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), (চঃ দাঃ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেলান্দহ, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৮.২০১৩-২০১**—যেহেতু, ডাঃ অমিতাফ দে (৩৭০৩২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট (প্রাক্তন কুলাউড়া, মৌলভীবাজার) এর বিরুদ্ধে সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০২.০৩.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক নয়। তবে বিভিন্ন ব্যস্ততার কারণে প্রশিক্ষণ পর্যবেক্ষণে কিছুটা ত্রুটি বিচ্যুতি হয়েছে বিধায় তিনি তাঁর জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ অমিতাভ দে (৩৭০৩২), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

তারিখ, ১২ মার্চ ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.১৫৪.০১.০০.১৩০.২০১৩-২২২**—যেহেতু, ডাঃ তানজিনা মেহের সাথী (১২৬৫৫৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লৌহজং, মুন্সিগঞ্জ (প্রাক্তন মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, লালমনিরহাট)-এর বিরুদ্ধে বিনানুমতিতে ১৩-০৫-২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৩ তারিখের ৪৫.১৫০. ০২৭.০১.০০.১৩০.২০১৩-৭৪৬ নং স্মারক মূলে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ তানজিনা মেহের সাথী (১২৬৫৫৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লৌহজং, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০.০৭৮.২০১৩-২২৩**—যেহেতু, ডাঃ সুলতানা বেগম (৩২২৫২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত সহকারী অধ্যাপক (শিশু), এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন।

এক্ষণে, সেহেতু, ডাঃ সুলতানা বেগম (৩২২৫২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত সহকারী অধ্যাপক (শিশু), এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত, ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধিমতে মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৪(চার) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

**এ, এম, বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ০৯ মার্চ ২০১৪

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১৪-৯৪**—যেহেতু, ডাঃ এ, কে, এম শামীম আজাদ (১২৫১৭২), মেডিকেল অফিসার (আবাসিক মেডিকেল অফিসার পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউনিয়া, রংপুর সংযুক্তঃ আই, সি, ইউ, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৩.০৩.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু, ডাঃ এ, কে, এম শামীম আজাদ (১২৫১৭২), মেডিকেল অফিসার (আবাসিক মেডিকেল অফিসার পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউনিয়া, রংপুর সংযুক্তঃ আই, সি, ইউ, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ২ (দুই) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষৎতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

**এ, এম, বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফাল্গুন ১৪২০/০৯ মার্চ ২০১৪

**নং পউসবি/প্রশাঃ অধিঃ শাখা-২/বিবিধ-৭০/২০০৯(অংশ-১)/৭৬**—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন, সংশোধিত-২০০২ সনের ২৯ নং আইন ও ২০১৩ সনের ১নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে বিসিএস পুলিশ অফিসার্স বহুমুখী সমবায় সমিতি লিমিটেডকে উহার অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন সম্পর্কিত বিষয়ে উক্ত আইনের ১৮ (৫) ধারা এবং উক্ত ধারার শর্তাংশে বর্ণিত শর্ত প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে এককালীন অব্যাহতি প্রদান করিল।

**শর্তাদিঃ**

(১) বিসিএস পুলিশ অফিসার্স বহুমুখী সমবায় সমিতি লিঃ এর ২৩-০২-২০১৩ তারিখের বার্ষিক সাধারণ সভায় সিদ্ধান্ত মোতাবেক ১৭-১২-২০০৭ নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের সমন্বয়ে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করা যাইবে;

(২) উক্ত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ আগামী ৩১-১২-২০১৪ পর্যন্ত বহাল থাকিবে এবং গঠিতব্য কমিটির কার্যকারিতা ১৭-১২-২০১০ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে। তবে উক্ত সময়কালে কোন আর্থিক অনিয়ম বা অন্য কোন অনিয়ম সংঘটিত হইয়া থাকিলে তার সম্পূর্ণ দায়-দায়িত্ব উক্ত কামটির উপর বর্তাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মজিদ**
উপ-সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ০১ জুলাই ২০১৪

**নং ৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩-৪৫১**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডাঃ দুলালী রাণী সরকার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ গত ০৬-০৬-২০১৪ তারিখ রোজ শুক্রবার সকাল ১১:৪৫ ঘটিকায় মানিকগঞ্জে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন।

প্রয়াত ডাঃ দুলালী রাণী সরকার, মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলায় সাকুচিয়া গ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে জন্ম গ্রহণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৫ বৎসর। তিনি ১৯তম বিসিএস (লাইভস্টক) ক্যাডারে প্রাণিসম্পদ অধিদপ্তরে যোগদান করেন। মৃত্যুকালে তিনি ০২ (দুই) মেয়ে এবং আত্মীয় স্বজন ও বহু গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকরি জীবনে একজন সৎ, প্রাণবন্ত, অমায়িক ও নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রয়াত ডাঃ দুলালী রাণী সরকার এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে।

**শেলীনা আফরোজা,** পিএইচডি
ভারপ্রাপ্ত সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**প্রেস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ আষাঢ় ১৪২১/৩০ জুন ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২০.০৬.০০১.১২.২২৩**—সরকার 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর ধারা ১৪(১) অনুযায়ী তথ্য কমিশন-এর ২ (দুই) জন তথ্য কমিশনার নিয়োগের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে নিম্নরূপভাবে ৫ (পাঁচ) সদস্য-বিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করিলেন :

| | | | |
|---|---|---|---|
| (ক) | বিচারপতি জনাব হাসান ফয়েজ সিদ্দিকী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা | - | সভাপতি |
| (খ) | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (গ) (১) | জনাব এ কে এম রহমতুল্লাহ, মাননীয় সংসদ-সদস্য ১৮৪ ঢাকা-১১ | - | সদস্য |
| (গ) (২) | জনাব সালাহউদ্দিন আহমেদ (মুক্তি), মাননীয় সংসদ-সদস্য ১৫০ ময়মনসিংহ-৫ | - | সদস্য |
| (ঘ) | প্রফেসর ড. গোলাম রহমান, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাঃ বিঃ | - | সদস্য |

২। **কমিটির কার্যপরিধি :**

গঠিত বাছাই কমিটি 'তথ্য অধিকার আইন-২০০৯' এর ধারা ১২(১), ১৪(৪) ও ১৫(৫) অনুযায়ী তথ্য কমিশন-এর ২ (দুই) জন তথ্য কমিশনার নিয়োগের নিমিত্ত সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ সিদ্ধান্তের ভিত্তিতে, প্রতিটি শূন্য পদের বিপরীতে ২ (দুই) জন ব্যক্তির নাম রাষ্ট্রপতির নিকট সুপারিশ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তরফদার মোঃ আক্তার জামীল**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১০ ডিসেম্বর ২০০৭

**নং বিচার-৭/২এন ৯৬/৬৯/৭০(পার্ট)/৭**—সরকার ১৯৭৪ সালের মুসলিম বিবাহ ও তালাক (রেজিঃ) আইন এর (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪-এ প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিগত মন্ত্রণালয়ের বিচার ৭/২ এন ৭৭/২০০৪ (অংশ) ২৪১ তারিখ ২৪-০৩-২০০৫ইং অনুসারে ঢাকা সিটি কর্পোরেশন এর ১৯নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব আবদুল জলিল মিয়াজী এর বিরুদ্ধে জেলা রেজিস্ট্রার, ঢাকা, এর আনিত অভিযোগ যাহার স্মারক নং-২০৩৮/১৪৩৩, তাং-২৮-০৪-২০০৫ এর নির্দেশনার আলোকে অসদাচরণ ও সার্টিফিকেটসমূহ ভূয়া ও জাল জালিয়াতির মাধ্যমে সৃজিত মর্মে প্রমাণিত হওয়ায় ইতিপূর্বে তাহার লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত চূড়ান্ত প্রক্রিয়াধীন বিধি মোতাবেক গৃহীত হইয়াছে। নিয়োগকালীন সময়ে শিক্ষাগত সনদপত্র জমা না দিয়ে অত্র মন্ত্রণালয়ের সাথে প্রতারণা করিয়াছেন। সরকার আপনার (মুহাম্মদ আমিনুল ইসলাম, মুসলিম বিবাহ ও তালাক রেজিস্ট্রার, ১২৬ নং শাখারী বাজার, ৭৩নং ওয়ার্ড, ঢাকা সিটি কর্পোরেশন, কোতয়ালী, ঢাকা-১১০০। বর্তমান-সাং-বাড়ি-০৭, রোড-২৩/১/সি, গুলশান-১, ঢাকা)। বিগত ১৪-১০-২০০৭ইং তারিখের আবেদনপত্র মঞ্জুর করিয়া স্মারক নং-১০৪২ বিচার ৭/২এন ২/৯৭ তাং ২৭-০১-২০০০ইং ঢাকা সিটি করপোরেশন এর ৭৩ নং ওয়ার্ডের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রি এলাকার লাইসেন্স পরিবর্তন করিয়া ঢাকা সিটি করপোরেশন এর ১৯নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব আবদুল জলিল মিয়াজীর নিকাহ রেজিস্ট্রি এলাকা হইতে আংশিক কর্তনপূর্বক গুলশান-১, কড়াইল ও নবগঠিত বসুন্ধরা আবাসিক এলাকাসমূহের জন্য স্থায়ীভাবে নিকাহ ও তালাক রেজিস্ট্রার নিয়োগের অনুমোদন জ্ঞাপন করিলেন। এতদসঙ্গে, আপনাকে স্থায়ী লাইসেন্স ফি জমা দেওয়ার নির্দেশ দেওয়া হইল।

২। ঢাকা সিটি করপোরেশনের ৭৩ নং ওয়ার্ড এলাকাটি শূন্য ঘোষণা করিয়া পরবর্তী নিয়োগ না হওয়া পর্যন্ত আপনি নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে কর্মরত থাকিবেন। সরকার যখনই সংগত মনে করিবেন তাৎক্ষণিকভাবে অতিরিক্ত দায়িত্ব বাতিল শূন্য ঘোষণা করিয়া নিয়োগ প্রদান করিতে পারিবেন।

৩। এই নিয়োগপত্র আবেদনকারীর ৬৫ বৎসর বয়স পূর্ণ না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে। এই আদেশ কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা থাকিলে কার্যকর হইবে না।

**জিয়া উদ্দিন মাহমুদ**
সিনিয়র সহকারী সচিব।